

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫, কাওরান বাজার, ঢাকা।

সম্প্রসারণ শাখা

www.brdb.gov.bd


স্মারক নং - ৪৭.৬২.০০০০.৫১২.০১.০৬০.০৮.৩৬৯৫

তারিখ: ২৫ এপ্রিল, ২০২৪

বিষয়: সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) এর মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) পল্লী অঞ্চলের দারিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে বিআরডিবি'র অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচী। কর্মসূচীটি দেশের ৬৪ জেলার ৪৪৯ উপজেলায় পিছিয়ে পড়া গ্রামীণ নারী-পুরুষের দারিদ্র বিমোচনে উল্লেখযোগ্য অবদান রাখছে। ২০২৩-২৪ অর্থবছরের মার্চ/২০২৪ মাসের সদাবিক এর ঋণ কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় যে, মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ ১০৯৯৭.৫৩ লক্ষ টাকা। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বেশি হওয়ায় নতুন করে দল গঠন বা বিদ্যমান দলে ঋণ বিতরণ করা সম্ভব হচ্ছে না। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ে যুগপোযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং নিবিড় মনিটরিং না থাকায় মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আশানুরূপভাবে আদায় হচ্ছেনা, যা কোনভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী'র (সদাবিক) মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নপূর্বক আগামী জুন/২০২৪ মাসের মধ্যে ৫০% মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


ফারুক আহমেদ জোয়াদ্দার
২৫/৪/২৪

যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বি.প্র.)

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর (সকল)

বিতরণ কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক এর একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংশ্লিষ্ট নথি।